

## বিশ্ববিদ্যালয়ের হল খুলেছে কাল থেকে ক্লাস শুরু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

দু'টি ছাত্র সংগঠনের রক্তক্ষয়ী সংঘর্ষের প্রেক্ষিতে দীর্ঘ ৩৮ দিন বন্ধ থাকার পর গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো খুলে দেয়া হয়েছে। শনিবার থেকে ক্লাস শুরু হবে।

গতকাল সন্ধ্যা ৭টা পর্যন্ত বিভিন্ন হলে রবর নিয়ে দেখা গেছে, শতকরা প্রায় ২০ আগ ছাত্রছাত্রী ইতিমধ্যে হলে ফিরে এসেছে। তবে তুলনামূলকভাবে ছাত্রীদের হলগুলোতে উপস্থিতি খুবই কম।

ছাত্রীদের দু'টি হলের প্রায় ১৯শ' আবাসিক ছাত্রীর মধ্যে গতকাল ১২৭ জন হলে ফিরেছে।

বিভিন্ন হল কর্তৃপক্ষ আশা করছেন যে, আজ শুক্রবারের মধ্যেই প্রায় ৬০ ভাগ ছাত্রছাত্রী হলে ফিরবে।

ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার জন্য ইতিমধ্যেই ক্যাম্পাসে পুলিশী ব্যবস্থা

জোরদার করা হয়েছে এবং প্রতিটি হল গেটে পুলিশ মোতায়েন করা হয়েছে।

গতকাল হলে প্রবেশের সময় ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র যাচাই করে হলে প্রবেশের অনুমতি দেয়া হয়।

শিক্ষক সমিতি ও ডাকসু

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) এক বৈঠক ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত হয়।

সভায় সন্ত্রাসমুক্ত শিক্ষান প্রতিষ্ঠা, শিক্ষার পরিবেশ রক্ষা ও সিনেটকে অবিলম্বে কার্যকরী করার (শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### ক্লাস শুরু

(১ম পাতার পর)

বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। শিক্ষকদের মধ্যে সম্প্রতি সৃষ্ট বিতর্কিত বিষয়গুলো আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান করে ঐক্যবদ্ধভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ডাকসু নেতৃবৃন্দ সভায় শিক্ষকদের প্রতি আহবান জানান।